

# আপোস করি না ভালোবাসার সাথে

এম আর হাসান

উৎসর্গ: সাদি মির্জা যে কিনা প্রায়শঃই আমায় প্রভাবিত করে বিচিত্রতায় ।

আপোস করি না ভালোবাসার সাথে

এই তোমার সময় নেই কেন ?

চাকরিঃ ধু-উঃ

নয়টা পঁচটা বেড়ে গিয়ে সাতটা আটটা অথবা দশটা হয়ে যায়

মোসাহেবি কুকুরের মতন ভড়ৎ ছাড়্

আর এই সব সরকারের-ই বা হলোটা কি

মানুষকে ভালোবাসার অবকাশটুকুও দিবেনা নাঃকি

দুদিন বাদে বাদে সাপ্তাহিক ছুটি দুদিন দেড় দিন

আরে ভাই প্রবলেমটা কি

পলেসি মেইক না করতে পারলে গদি ছেড়ে দাঁড়া

দেশ আমি চালিয়ে দিচ্ছি

ভালোবাসতে পারি

আর এই সামান্য কাজটা পারবো না !

কি জানি নাম তার তোমার অপিসের বস্

হাঁঃ হাঁঃ সে তো রিতি মতন বিখ্যাত লোক

আসলে এরা সব ব্যবসায়ী,

কসাই এবং এঁদের ভেতর ফাঁড়াকটা কি জানো ?

তোমার চামড়া ছিঁড়ে নিবে

অথচ তুমি প্রশংসায় বলবে কি নিপুণ কারুকাজ আপনার

জীবনের শেষ ভাগে এসে যক্ষ্মা রুগীর মতন হাঁপিত্যেস করবে

তখন তোমার জীবন বাঁচাতে পত্রিকার প্রথম পাতায়

ভিক্ষা চাইতে বসিয়ে দিবে

সাস্থ্য সেবা আমাদের গণ অধিকার চিকিৎসা-ভিক্ষা নয়

এই যে শুনছেন বস্ ?

পলেতারিয়েত বানানোর খেলা তাইনা

রোবট না'কি আমরা

স্ট্রুগলিং ক্লাসে জন্মাবো আর ভিসাস্ এর ঘূর্ণি পাকে ফেলে

মুজুর বানিয়ে ছাড়বে

অসত্য সমাজ !

এই তোরা হিউম্যান প্রোডাকশান্ বন্ধ কোরে দে তো

দেখি বুর্জোয়ার কলে কয় ছটাক চাল বেরোয় ?

আপোস করি না ভালোবাসার সাথে

আমি তোমার সময় চাই

একত্রে কটাবো বলে

তোমার অপিসের বসকে বলো ইন্ডাসট্রিয়াল ল' শিখতে

চাকরি মানে দাসত্ব নয়, জীবনের জন্যে কাজ

আপোস করি না তোমার সময় নেই বলে

আমি তোমাকে চাই

আমার সময় থেকে তোমাকে দেব বলে ।

mrhasan@gmail.com  
১৯.১০.২০০৫/সিডনি